

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

বিধানসভা সংবাদ

স-২৪৫০

আগরতলা, ১৩ জানুয়ারি, ২০২৫

**বিধানসভায় সর্ব কনিষ্ঠ বিশ্ব দাবা চ্যাম্পিয়ান গুরুেশ ডোম্মারাজুকে অভিনন্দন**

বিশ্ব দাবা প্রতিযোগিতায় সর্ব কনিষ্ঠ দাবাড়ু হিসেবে বিশ্ব চ্যাম্পিয়ানের খেতাব অর্জন করায় ত্রিপুরা বিধানসভা আজ গুরুেশ ডোম্মারাজুকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছে। বিধানসভা অধিবেশনের প্রথমার্ধে অভিনন্দনসূচক প্রস্তাব সর্ব সম্মতভাবে গৃহীত হয়েছে। বিধানসভায় ধন্যবাদসূচক প্রস্তাব উত্থাপন করেন যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিঙ্কু রায়।

অভিনন্দনসূচক প্রস্তাবে যুববিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিঙ্কু রায় বলেন, মাত্র ১৮ বছর বয়সে বিশ্ব দাবা প্রতিযোগিতায় সর্বকনিষ্ঠ দাবাড়ু হিসেবে বিশ্ব চ্যাম্পিয়ানের খেতাব অর্জন করে ভারতীয় দাবাড়ু গুরুেশ ডোম্মারাজু এক অভূতপূর্ব নজির স্থাপন করেছেন। ত্রিপুরা বিধানসভা ভারতবর্ষের এই গর্ব, সর্বকনিষ্ঠ দাবা চ্যাম্পিয়ান গুরুেশ ডোম্মারাজুকে আন্তরিকভাবে শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করছে। সিঙ্গাপুরে অনুষ্ঠিত ফিদে বিশ্ব দাবা চ্যাম্পিয়নশিপের চূড়ান্ত পর্বে পূর্বতন চ্যাম্পিয়ন চিনের ডিং লিরেনকে পরাজিত করে গুরুেশ এই গৌরব অর্জন করেন। এই সাফল্যের মাধ্যমে বিশ্বের সর্বকনিষ্ঠ দাবাড়ু হিসাবে রাশিয়ার কিংবদন্তি গ্যারি কাসপারভের রেকর্ড ভেঙ্গে নতুন ইতিহাস রচনা করেছেন।

২০০৬ সালের ২৯ মে তামিলনাড়ুর চেন্নাই শহরে জন্ম নেওয়া গুরুেশ শৈশব থেকেই দাবা খেলার প্রতি অসীম আগ্রহ দেখিয়েছেন। তাঁর বাবা ড. রাজন বাবু একজন চিকিৎসক এবং মা পদ্মাবতী একজন মাইক্রোবায়োলজিস্ট। এই অনুপ্রেরণামূলক পরিবার থেকেই গুরুেশ তাঁর প্রতিভা বিকাশের সুযোগ পেয়েছেন। মাত্র ৭ বছর বয়সেই দাবা খেলার প্রতি তাঁর অনুরাগ দেখা যায় এবং অল্প সময়ের মধ্যেই তিনি অসাধারণ দক্ষতা অর্জন করেন। ২০১৯ সালে, মাত্র ১২ বছর ৭ মাস ১৭ দিন বয়সে তিনি গ্র্যান্ডমাস্টার উপাধি লাভ করেন, যা তাঁকে বিশ্বে দ্বিতীয় সর্বকনিষ্ঠ গ্র্যান্ডমাস্টার হিসেবে পরিচিতি দেয়।

বিশ্ব দাবা প্রতিযোগিতায় গুরুেশের এই অসামান্য কৃতিত্ব তাঁর একাগ্রতা, কঠোর পরিশ্রম এবং কৌশলগত দক্ষতার প্রতিফলন। তাঁর এই ঐতিহাসিক সাফল্য শুধুমাত্র তাঁর পরিবারকেই গর্বিত করেনি, ভারতবর্ষের জন্যও এক গৌরবের বিষয় হয়ে উঠেছে। বিশ্বের সর্বকনিষ্ঠ দাবাড়ু হিসাবে বিশ্ব চ্যাম্পিয়ানের খেতাব অর্জন করে গুরুেশ ডোম্মারাজু তরুণ প্রজন্মের জন্য এক অনুপ্রেরণার উৎস হয়ে থাকবেন। ত্রিপুরা বিধানসভা গুরুেশ ডোম্মারাজুর এই অবিস্মরনীয় সাফল্যের জন্য তাঁকে অভিনন্দন জ্ঞাপন করছে এবং ভবিষ্যতে আরও উজ্জ্বল সাফল্যের জন্য তাঁর প্রতি শুভকামনা ব্যক্ত করছে।

\*\*\*\*\*